মিডিয়া মনিটরিং ২০২৬
ফেব্রুয়ারি

**বিষয়ঃ শিশু সুরক্ষা**

| তারিখ | সূত্র | সারসংক্ষেপ |
|---|---|---|
| **হত্যা** | | |
| ০১-০২-২৬ | প্রথম আলো | **ছেলের খোঁজে থানায় জিডি করতে এসে লাশ উদ্ধারের খবর পেলেন মা**<br>ছেলেটা হারিয়ে গেছে—এই কথাটুকু বলতে গিয়েই গলা ধরে আসছিল মায়ের। থানায় এসেছিলেন সাধারণ ডায়েরি (জিডি) করতে। কিন্তু জিডির কাগজে ছেলের নাম লেখার আগেই ভেঙে পড়ে তাঁর পৃথিবী। থানায় বসেই তিনি জানতে পারেন, তাঁর কিশোর ছেলে আর নেই। শহরের একটি শর্ষেখেতে পড়ে আছে তাঁর নিথর দেহ। |
| ০৩-০২-২৬ | দেশ রুপান্তর | **নেত্রকোনায় শিশু হত্যার দায়ে কিশোরী ১০ বছরের আটকাদেশ**<br>নেত্রকোনার কলমাকন্দা উপজেলার কনুড়া গ্রামে পূর্ব শত্রুতার জেরে ছয় বছর বয়সী শিশু সাইফ খান সালমান হত্যা মামলায় প্রতিবেশী তানিয়া আক্তারকে ১০ বছরের আটকাদেশ এবং ১০ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে নেত্রকোনার শিশু আদালত। |
| ০৪-০২-২৬ | প্রথম আলো | **পরনে প্যান্ট-হুডি, ১০ বছরের শিশুর লাশ ভাসছিল নদীতে**<br>পরনে প্যান্ট ও লম্বা হাতের হুডি। বয়স আনুমানিক ১০ বছর। নদীতে ভাসছিল এই শিশুর লাশ। খবর পেয়ে পুলিশ উদ্ধার করে। তবে পরিচয় জানা যায়নি। আজ বুধবার সন্ধ্যায় নগরের কর্ণফুলী নদীর বাকলিয়া বেড়িবাঁধ এলাকা থেকে লাশটি উদ্ধার করে নৌ পুলিশ। |
| ০৫-০২-২৬ | প্রথম আলো | **পল্লবীতে স্বামীর ঝুলন্ত লাশ উদ্ধার, পাশে পড়েছিল স্ত্রী ও দুই সন্তানের লাশ**<br>রাজধানীর পল্লবীর কালশী এলাকায় আজ বৃহস্পতিবার দুপুরে এক দম্পতি ও তাঁদের দুই শিশু সন্তানের লাশ উদ্ধার করেছে পুলিশ। ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় স্বামীর লাশ উদ্ধার করা হয় বলে পুলিশ জানিয়েছে। পাশের বিছানায় স্ত্রী ও দুই সন্তানের মরদেহ পড়েছিল।<br>নিহতেরা হলেন, মাসুম (৩৫), তাঁর স্ত্রী সুমি (৩০), তাঁদের দুই সন্তান মিনহাজ (৪) ও আসহাব (২)। |
| ০৫-০২-২৬ | The Daily Star | **3 juveniles rape, murder 7-year-old**<br>Three teenagers, arrested on charges of killing a seven-year-old girl in Tangail's Dhanbari upazila recently, have confessed before magistrates, police said yesterday. |
| ০৬-০২-২৬ | প্রথম আলো | **অভিযোগপত্র: খতনা করাতে গিয়ে শিশু আয়ানের মৃত্যু 'ভুল চিকিৎসা ও অবহেলায়**<br>দুই বছর আগে হাসপাতালে খতনা করাতে গিয়ে শিশু আয়ান আহমেদের মৃত্যুর ঘটনায় করা মামলার অভিযোগপত্র গ্রহণ করেছেন আদালত।<br>গতকাল বৃহস্পতিবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ এহসানুল ইসলাম এই অভিযোগপত্র গ্রহণ করেন। একই সঙ্গে আদালত অভিযোগপত্রভুক্ত তিন আসামির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) প্রসিকিউশন বিভাগের উপপরিদর্শক (এসআই) কামাল হোসেন এই তথ্য জানান। |
| ০৮-০২-২৬ | দেশ রুপান্তর | **নিখোঁজের দুইদিন পর সেফটিক ট্যাংকে মিলল শিশুর মরদেহ, গ্রেপ্তার ৩**<br>লক্ষ্মীপুরের রায়পুরে নিখোঁজের দুইদিন পর বাথরুমের সেফটিক ট্যাংক থেকে দেড় বছরের শিশু কানিজ ফাতেমার মরদেহ উদ্ধার করে পুলিশ। শনিবার (৭ ফেব্রুয়ারি) রাতে উপজেলার পশ্চিম চরমোহনা গ্রামের নিজ বাড়ি থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। এঘটনায় তিন প্রতিবেশীকে গ্রেপ্তার করা হয়। |
| ১৩-০২-২৬ | প্রথম আলো | **ময়মনসিংহে সুপারি চুরির অভিযোগে ৯ বছরের শিশুকে পিটিয়ে হত্যা**<br>ময়মনসিংহের হালুয়াঘাটে সুপারি চুরির অভিযোগে ৯ বছরের এক শিশুকে ঘরে আটকে রেখে পিটিয়ে হত্যার ঘটনা ঘটেছে।<br>শিশুটির নাম মো. ইমন (৯)। সে হালুয়াঘাটের স্বদেশী ইউনিয়নের বাউসা গ্রামের দুলাল মিয়ার ছেলে। অভিযুক্ত ব্যক্তির নাম আতাহার আলী (৩২)। তিনি শিশুটির প্রতিবেশী। |
| ১৬-০২-২৬ | প্রথম আলো | **মাছ ধরার জালে উঠে এল নিখোঁজ শিশুর মরদেহ** |

| | | |
|---|---|---|
| | | ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার আন্ধারিয়াপাড়া গ্রামে একটি মাছের খামার থেকে এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়েছে। আজ সোমবার দুপুর সাড়ে ১২টার দিকে জেলেরা মাছ ধরার সময় জালে আবদুল্লাহ হেল ফুয়াদ (৯) নামের ওই শিশুর মরদেহ উঠে আসে। |
| ১৭-০২-২৬ | প্রথম আলো | **তিনটি আলাদা কক্ষে পড়ে ছিল প্রবাসীর স্ত্রী ও দুই শিশুর গলাকাটা লাশ**<br>কুমিল্লার হোমনা উপজেলায় নিজ বসতঘর থেকে এক প্রবাসীর স্ত্রী ও দুই শিশুর গলাকাটা লাশ উদ্ধার করেছে পুলিশ। দুই শিশুর মধ্যে একজন ওই নারীর সন্তান এবং অন্যজন দেবরের ছেলে। আজ মঙ্গলবার সকালে হোমনার ঘাড়মোড়া ইউনিয়নের উত্তর মণিপুর গ্রামে এ ঘটনা জানাজানি হয়। |
| ২০—২-২৬ | সমকাল | **শিশু রিফাতকে হত্যার পর ড্রামে ভরে লাশ ফেলে দেন মায়া: পুলিশ**<br>মোবাইল ফোন চুরি নিয়ে বিরোধের জেরে সাত বছরের শিশু রিফাতকে হত্যা করেন প্রতিবেশী মায়া বেগম ওরফে লাবণী। এরপর মরদেহ প্লাস্টিকের ড্রামে ভরে সারারাত পাহারা দেন। পরদিন সকালে অটোরিকশায় তুলে ড্রামটি নিয়ে যান রাজধানীর গেন্ডারিয়ায়। সেখানে লোহারপুল এলাকার ময়লার স্তুপে ড্রাম ফেলে বাসায় ফেরেন তিনি। ভেবেছিলেন তাকে আর কেউ ধরতে পারবে না। তবে শেষ রক্ষা হয়নি, লাশের সঙ্গে পাওয়া জামার সূত্র ধরে তাকে শনাক্ত করে পুলিশ। বৃহস্পতিবার রাতে রাজধানীর কদমতলীর থানকাহ শরীফ এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়েছে। |
| ২২-০২-২৬ | আজকের পত্রিকা | **রাউজানে পুকুরে নেমে মাদ্রাসাছাত্রের মৃত্যু, ভাঙচুর**<br>চট্টগ্রামের রাউজানে পুকুরে নেমে রোহান উদ্দিন (১০) নামের এক মাদ্রাসাশিক্ষার্থীর মৃত্যু হয়েছে। আজ রোববার উপজেলার কদলপুর ইউনিয়নের কদলপুর তাহেরিয়া সাবিরিয়া মাদ্রাসায় এ ঘটনা ঘটে।<br>এদিকে ঘটনার পরপরই রোহানের স্বজনেরা উত্তেজিত হয়ে মাদ্রাসার কক্ষ ভাঙচুর করেন। খবর পেয়ে রাউজান থানা-পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। |
| ২৩-০২-২৬ | প্রথম আলো | **মারা গেল ছাইয়ের স্তূপ থেকে উদ্ধার হওয়া সেই নবজাতক**<br>চট্টগ্রামের পটিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকায় ছাইয়ের স্তূপ থেকে উদ্ধার হওয়া সেই নবজাতকের মৃত্যু হয়েছে। গতকাল রোববার দিবাগত রাত ১২টা ১০ মিনিটের দিকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের নবজাতকের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় ওই ছেলে নবজাতকের মৃত্যু হয়। |
| ২৩-০২-২৬ | প্রথম আলো | **রাজধানীর নিউমার্কেট এলাকার একটি ফ্ল্যাট থেকে শিশু গৃহকর্মীর লাশ উদ্ধার**<br>রাজধানীর নিউমার্কেট এলাকায় বিজিবি সদর দপ্তরের অফিসার্স কোয়ার্টারের একটি বাসা থেকে বিবি হালিমা নামের ১১ বছর বয়সী এক শিশু গৃহকর্মীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আজ সোমবার বেলা তিনটার দিকে ওই মরদেহ উদ্ধার করা হয়। |
| ২৫-০২-২৬ | প্রথম আলো | **নিখোঁজ শিশুটির মরদেহ পাওয়া গেল নির্মাণাধীন ভবনের লিফটের ফাঁকা জায়গায়**<br>রাজধানীর হাতিরঝিল থানার পশ্চিম উলন এলাকায় গতকাল মঙ্গলবার রাত সাড়ে আটটার দিকে নিখোঁজ হয় একটি মেয়েশিশু। সাড়ে তিন ঘণ্টা পর শিশুটির মরদেহ ওই এলাকারই একটি নির্মাণাধীন ভবনের লিফটের জন্য রাখা ফাঁকা জায়গায় পাওয়া গেছে। ওই জায়গায় পানি জমে ছিল। |
| ২৫-০২-২৬ | প্রথম আলো | **ফরিদপুরে পায়ুপথে বাতাস দেওয়ার পর শিশুশ্রমিকের মৃত্যু, অভিযুক্তও শিশু**<br>ফরিদপুরের বোয়ালমারীতে এক শিশুশ্রমিকের (১৩) পায়ুপথে বাতাস ভরে দেওয়ার পর মারা গেছে। মঙ্গলবার দিবাগত রাত দুইটার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। |
| ২৬-০২-২৬ | সমকাল | **রক্ত মাখা বস্তায় মিলল নিখোঁজ শিশুর লাশ**<br>ঝিনাইদহের কালীগঞ্জে নিখোঁজের একদিন পর তাবাসসুম নামে সাড়ে ৪ বছরের এক কন্যা শিশুর বস্তাবন্দি লাশ উদ্ধার করেছে পুলিশ। আজ বৃহস্পতিবার সকালে উপজেলার বাদুড়গাছা গ্রামে আব্দুল জব্বার মাধ্যমিক বিদ্যালয়ের পেছন থেকে লাশ উদ্ধার করা হয়। |
| ২৬-০২-২৬ | সমকাল | **বাসার সামনে স্কুলছাত্রীকে কুপিয়ে হত্যা**<br>রাজধানীর রায়েরবাজার এলাকায় শাহরিয়ার শারমিন বিন্তি নামে এক স্কুলছাত্রীকে কুপিয়ে হত্যা করা হয়েছে। হাজারীবাগ থানা পুলিশের ধারণা, প্রেমঘটিত কারণে এক তরুণ তাকে হত্যা করেছে। ওই তরুণকে খুঁজছে পুলিশ। গতকাল বুধবার রাত ১০টার দিকে এলাকার একটি গলিতে এ ঘটনা ঘটে। |
| ২৭—২-২৬ | সমকাল | **সেই কিশোরীকে কোথায় দাফন করা হবে, তা অনিশ্চিত**<br>নরসিংদীর মাধবদীতে ধর্ষণের বিচার চাওয়ায় এক কিশোরীকে তার বাবার কাছ থেকে ছিনিয়ে নিয়ে হত্যা করা হয়েছে। ওই কিশোরীর মরদেহ কোথায় দাফন করা হবে তা নিশ্চিত করে বলতে পারছেন না তার মা। |

| | | |
|---|---|---|
| | | গতকাল বৃহস্পতিবার সকালে মাধবদীর কোতালিরচর দড়িকান্দির সরিষা ক্ষেত থেকে গলায় ওড়না প্যাঁচানো অবস্থায় কিশোরীর মরদেহ উদ্ধার করে পুলিশ। |
| ২৮-০২-২৬ | প্রথম আলো | **দিনাজপুরে ভুট্টাখেতে শিশুর মরদেহ, শরীরজুড়ে ছুরির আঘাতের ক্ষতচিহ্ন**<br>দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলার একটি ভুট্টাখেত থেকে সিরাজুল আল সামস (৭) নামে এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত ৯টার দিকে উপজেলার আমরুলবাড়ি ডাঙাপাড়া গ্রাম থেকে মরদেহটি উদ্ধার করা হয়। |
| **নিখোঁজ** | | |
| ০২-০২-২৬ | দেশ রুপান্তর | **নিখোঁজের ২৮ দিন পর শিশু উদ্ধার**<br>ফেনীর দাগনভূঞা থেকে নিখোঁজের ২৮ দিন পর উপজেলার করমূল্যাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা বিবি আয়েশার ৪ বছরের শিশু সন্তান আমিনুল ইসলাম আরাফকে নোয়াখালীর সেনবাগ উপজেলার রাজারামপুর এলাকা থেকে উদ্ধার করা হয়েছে।<br>এ ঘটনায় ওই বাড়ির মো. খুরশিদ আলম (৩৭) ও তার স্ত্রী মারজানা আক্তারকে (২৬) জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে আসা হয়েছে। জিজ্ঞাসাবাদে ওই দম্পতি শিশুটিকে বসুরহাট বাজারে খুঁজে পেয়েছে বলে দাবি করছে। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। |
| **অপহরণ** | | |
| ২৪-০২-২৬ | সমকাল | **দেড় বছরের শিশুকে জঙ্গলে ফেলে পালায় অপহরণকারী**<br>ঝালকাঠির রাজাপুরে নির্জন জঙ্গলে পাওয়া গেছে অপহরণের শিকার দেড় বছর বয়সী এক শিশুকে। রোববার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে রাজাপুর সদর ইউনিয়নের পশ্চিম আঙ্গারিয়া এলাকার একটি ইটভাটা ও খানবাড়ির মাঝামাঝি খালের পাশ থেকে শিশুটিকে উদ্ধার করা হয়। এদিন সকাল সাড়ে ৯টার দিকে খুলনার ডুমুরিয়া উপজেলার নেয়াকাঠি গ্রাম থেকে মিহির মোল্লা নামে ওই শিশুকে অপহরণ করা হয়। |
| ২৬-০২-২৬ | প্রথম আলো | **ভোলায় মাকে অচেতন করে শিশু চুরির অভিযোগ, 'সাজানো' সন্দেহে মাকে জিজ্ঞাসাবাদ**<br>ভোলায় মাকে নেশাজাতীয় দ্রব্য দিয়ে অচেতন করার পর কোল থেকে তিন মাসের শিশু চুরির অভিযোগ নিয়ে আলোচনা চলছে। দিনভর অভিযানের পর ঢাকা থেকে শিশুটিকে উদ্ধার করে পুলিশ জানিয়েছে, ঘটনাটি পরিকল্পিত হতে পারে। এ ঘটনায় শিশুটির মাকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশের হেফাজতে নেওয়া হয়েছে। |
| ২৮-০২-২৬ | সমকাল | **মাকে রাস্তায় ফেলে কোলের সন্তান নিয়ে গেল প্রতারকরা**<br>ফুটফুটে শিশু আফসা আক্তার। মা আকলিমা আক্তারের কোলে চড়ে চিকিৎসার জন্য দেবিদ্বার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসেছিল ২৭ দিনের শিশুটি। কিন্তু চিকিৎসা নয়, প্রতারকের কবলে পড়ে এখন নিখোঁজ আফসা। মায়ের বুক খালি করে প্রতারক চক্র শিশুটিকে নিয়ে গেছে। গত বৃহস্পতিবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকায় এ ঘটনা ঘটে। অচেতন অবস্থায় মাকে উদ্ধার করা সম্ভব হলেও ঘটনার ৩২ ঘণ্টা পেরিয়ে গেলেও ছোট্ট আফসার সন্ধান মেলেনি। |
| ২৮-০২-২৬ | দ্য বিজনেস স্ট্যান্ডার্ড | **পাবনায় দাদিকে হত্যা করে নাতনিকে অপহরণ, ধর্ষণের পর হত্যার অভিযোগ**<br>পাবনার ঈশ্বরদীতে দাদিকে কুপিয়ে হত্যার পর নাতনিকে অপহরণ করে ধর্ষণ ও হত্যার অভিযোগ উঠেছে।<br>শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) রাতের কোনো এক সময় উপজেলার দাশুড়িয়া ইউনিয়নের ভবানিপুর উত্তরপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। |
| **যৌন নির্যাতন** | | |
| ০১-০২-২৬ | বাংলা ট্রিবিউন | **কিশোরীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে মামলা, ছাত্রদল নেতা গ্রেফতার**<br>চট্টগ্রামের মীরসরাইয়ে কিশোরীকে নেশাজাতীয় দ্রব্য সেবন করিয়ে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটেছে। এ ঘটনায় রবিবার (১ ফেব্রুয়ারি) জড়িত থাকার অভিযোগে বারইয়ারহাট কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ইমাম হোসেনকে (২৫) গ্রেফতার করেছে পুলিশ। |
| ০১-০২-২৬ | আজকের পত্রিকা | **কামরাঙ্গীরচরে শিশু ধর্ষণচেষ্টার অভিযোগে মামলা, অভিযুক্ত গ্রেপ্তার**<br>রাজধানীর কামরাঙ্গীরচর এলাকায় চার বছর বয়সী এক শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল শনিবার রাত সাড়ে ৮টার দিকে কামরাঙ্গীরচর থানাধীন বড় গ্রাম এলাকায় ঘটনাটি ঘটে। রাত ১১টার দিকে ওই শিশুটিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। এ ঘটনায় থানায় মামলা হয়েছে। |
| ০১-০২-২৬ | আজকের পত্রিকা | **শ্রীপুরে শিশুকে ধর্ষণের অভিযোগে মামা-ভাগনে গ্রেপ্তার** |

| | | |
|---|---|---|
| | | গাজীপুরের শ্রীপুরে এক শিশুকে (১০) ধর্ষণের অভিযোগে দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার দুই ব্যক্তি মামা-ভাগনে বলে জানা গেছে। গতকাল শনিবার রাত সাড়ে ১০টার দিকে শ্রীপুর পৌর এলাকায় এ ঘটনা ঘটে।<br>অভিযুক্ত ব্যক্তিরা হলো ময়মনসিংহের ভালুকা উপজেলার ভাটাজোর গ্রামের মো. নাজমুল (২৫) এবং তাঁর ভাগনে শ্রীপুর উপজেলার তেলিহাটি ইউনিয়নের সাইটালিয়া গ্রামের শাকিব (১৭)। |
| ০৩-০২-২৬ | The Daily Star | **Madrasa teacher arrested over attempted rape of 5-year-old in Noakhali**<br>According to police and local sources, the victim was playing in the field during a break when Ruhul Amin called her into a classroom and allegedly molested her. The child later informed her mother, who filed a formal complaint at Sudharam Model Police Station on Tuesday. |
| ১৬-০২-২৬ | দেশ রূপান্তর | **শিশু ধর্ষণচেষ্টার অভিযোগে বৃদ্ধ প্রতিবেশীর বিরুদ্ধে মামলা**<br>পটুয়াখালীর রাঙ্গাবালীতে ৯ বছর বয়সী এক কন্যাশিশুকে ধর্ষণচেষ্টা অভিযোগে ৬০ বছর বয়সী এক প্রতিবেশী বৃদ্ধের বিরুদ্ধে মামলা করেছে ভুক্তভোগী পরিবার। সোমবার (১৬ ফেব্রুয়ারি) সকালে ২২ ধারায় রাঙ্গাবালী সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক দোলন হাসান শিশুটির জবানবন্দি নেন। এর আগে রবিবার (১৫ ফেব্রুয়ারি) শিশুটির বাবা বাদী হয়ে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলাটি দায়ের করেন। |
| ১৭-০২-২৬ | সমকাল | **তৃতীয় শ্রেণির ছাত্রী ধর্ষণে ঢাকা থেকে যুবক গ্রেপ্তার**<br>রাজবাড়ীতে তৃতীয় শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগে এক যুবককে ঢাকা থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব-১০ ফরিদপুর ক্যাম্পের সদস্যরা। আবু সাঈদ নামে ওই যুবককে রোববার রাতে ঢাকার বনানী থেকে গ্রেপ্তার করা হয়। |
| ১৯-০২-২৬ | সমকাল | **শিশুকে বিদ্যালয়ে যৌন নিপীড়ন, প্রতিবাদী মায়ের নামে ছড়ানো হচ্ছে কুৎসা**<br>ফেনীর সোনাগাজীতে চতুর্থ শ্রেণির ছাত্রীকে যৌন নিপীড়ন করেন এক শিক্ষক। এর প্রতিবাদ করেন ভুক্তভোগীর মা। এতে বিপাকে পড়েছেন তিনি। উল্টো তাঁর সঙ্গে এক ওষুধের দোকানির নাম জড়িয়ে কুৎসা রটিয়েছে একটি চক্র। এ বিষয়ে মেয়েকে নিপীড়নকারী শিক্ষকসহ দুই-তিনজনের নামে মঙ্গলবার সোনাগাজী থানায় লিখিত অভিযোগ দিয়েছেন ওই নারী। |
| **শারীরিক নির্যাতন** | | |
| ০৪-০২-২৬ | প্রথম আলো | **বিমানের এমডির বাসায় গৃহকর্মী নির্যাতন: কী দোষ ছিল আমার মেয়ের, প্রশ্ন বাবার**<br>বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সাফিকুর রহমানের বাসায় নির্যাতনের শিকার ১১ বছরের শিশু গৃহকর্মীর এখন চিকিৎসা চলছে গাজীপুর শহীদ তাজউদ্দিন মেডিকেল কলেজ হাসপাতালে। শিশুটির শরীরজুড়ে পোড়া ক্ষত, নীলচে আঘাতের দাগ। যন্ত্রণায় ঠিকমতো কথাও বলতে পারছে না সে। শিশুটির বাবা প্রশ্ন করছেন, কী দোষ ছিল তাঁর সন্তানের। বিস্তারিত দেখুন ভিডিও প্রতিবেদনে– |
| ০৩-০২-২৬ | আজকের পত্রিকা | **‘খুন্তি গরম করে দেওয়া হতো ছ্যাঁকা, শরীর কেটে নিজেরাই করত সেলাই’**<br>দুবেলা দুমুঠো ভাত আর নিরাপদ জীবনের আশাই বিভীষিকা হয়ে দাঁড়িয়েছে ১১ বছর বয়সী শিশু গৃহকর্মী মিতুর (ছদ্মনাম)। তাকে দিনের বেশির ভাগ সময়ই টয়লেটের ভেতরে আটকে রেখে নির্যাতন চালাতেন বাংলাদেশ বিমান এয়ারলাইনসের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ড. সাফিকুর রহমান (৫৫) এবং তাঁর স্ত্রী মোছা. বিথী (৪০)। শুধু তাঁরাই নন, তাঁদের বাসার অন্য দুই গৃহকর্মী রুপালী খাতুন (৩৫) ও সুফিয়া বেগমও (৫৫) শিশুটির ওপর পৈশাচিক নির্যাতন চালাতেন। |
| **দুর্ঘটনা** | | |
| ০৬-০২-২৬ | আজকের পত্রিকা | **বাসের ধাক্কায় টমটমচালক ও শিশু নিহত**<br>কক্সবাজার টেকনাফে বাসের সঙ্গে ধাক্কা খেয়ে একটি ব্যাটারিচালিত মিনি টমটমের চালক ও এক শিশু নিহত হয়েছে। আহত হন চারজন। আজ শুক্রবার সকালে উপজেলার হ্নীলা ইউনিয়নের নাটমুড়াপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।<br>নিহতরা হলেন হ্নীলা পশ্চিম লেদা এলাকার টমটমচালক মো. লালু (৪৫) এবং পশ্চিম ফুলের ডেইল এলাকার আবুল হোসেনের মেয়ে মুনতাহা (২)। আহতরা হলেন হ্নীলা ইউনিয়নের নাটমুড়াপাড়া এলাকার মো. আবদুল্লাহ (৩০), মো. বদিউজ্জামান (৪০), মোসা. ফাতেমা (২০) ও ইসমত আরা (৪০)। |
| ০৯-০২-২৬ | সমকাল | **গুরুদাসপুরে কৃষকের বাড়িতে আগুন, প্রাণ গেল মা ও ছোট্ট শিশুর** |

| | | |
|---|---|---|
| | | নাটোরের গুরুদাসপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডে এক নারী ও তার এক বছর বয়সী শিশুকন্যা নিহত হয়েছে। রোববার রাত সাড়ে ৩টার দিকে উপজেলার ধারাবারিষা ইউনিয়নের ঝাউপাড়া বিন্নাবাড়ী এলাকায় এ ঘটনা ঘটে।<br>নিহতরা হলেন- উপজেলার ধারাবারিষা ইউনিয়নের ঝাউপাড়া বিন্নাবাড়ী এলাকার কৃষক মো. রান্টুর স্ত্রী আতিয়া খাতুন (২৮) এবং তাদের এক বছর বয়সী মেয়ে রওজা আক্তার। |
| ১২-০২-২৬ | প্রথম আলো | **গোপালগঞ্জে ভোটকেন্দ্রে ককটেল বিস্ফোরণ, আনসারসহ আহত ৩**<br>গোপালগঞ্জ সদর উপজেলার একটি ভোটকেন্দ্রে ভোট গ্রহণ চলাকালে ককটেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। এতে দুজন আনসার সদস্যসহ তিনজন আহত হয়েছেন। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার দিকে গোপালগঞ্জ সদর উপজেলার রেশমা ইন্টারন্যাশনাল স্কুল ভোটকেন্দ্রে এ ঘটনা ঘটে। |
| ১৪-০২-২৬ | আজকের পত্রিকা | **বাবা-মায়ের চোখের সামনে ঝরে গেল ছোট্ট সোহার প্রাণ**<br>ফেনীর সোনাগাজীতে মোটরসাইকেল দুর্ঘটনায় সোহা (৪) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। এ ঘটনায় তার বাবা সাইফুল ইসলাম ও মা সুমি আহত হন। |
| ১৬-০২-২৬ | প্রথম আলো | **ওমরাহ পালন শেষে ফেরার সময় সড়ক দুর্ঘটনা, সৌদি আরবে পাঁচ বাংলাদেশির মৃত্যু**<br>সৌদি আরবের আবহা শহরে সড়ক দুর্ঘটনায় এক পরিবারের চারজনসহ পাঁচ বাংলাদেশির মৃত্যু হয়েছে। গতকাল রোববার বাংলাদেশ সময় রাত তিনটায় এ দুর্ঘটনা ঘটে। নিহত ব্যক্তিদের মধ্যে দুজন শিশু রয়েছে। তাঁদের বাড়ি লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলার ভাটরা ইউনিয়নের পাঁচরুখি গ্রামে। |
| ১৭-০২-২৬ | দেশ রুপান্তর | **পৃথক সড়ক দুর্ঘটনায় শিশু সেনাসদস্যসহ নিহত ৮**<br>রাজধানীর মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের সামনে রাস্তা পারাপারের সময় স্টাফ বাসের ধাক্কায় মোসা. নয়নমণি (৪৫) নামে এক পোশাকশ্রমিক নিহত হয়েছেন। তিনি কারখানা ছুটি শেষে ওই স্টাফ বাসে করে মুগদা আসেন। অন্যদিকে শ্যামপুরের পোস্তগোলা ব্রিজের ওপর সড়ক দুর্ঘটনায় আব্দুর রহিম (৪৫) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। গত রবিবার রাতে পৃথক এ সড়ক দুর্ঘটনা ঘটে। |
| ১৯-০২-২৬ | প্রথম আলো | **যাত্রীবাহী বাসের সঙ্গে সংঘর্ষে প্রাণ গেল মায়ের কোলে থাকা শিশুর**<br>কক্সবাজারের পেকুয়ায় যাত্রীবাহী বাস ও সিএনজিচালিত অটোরিকশার সংঘর্ষে এক শিশুর মৃত্যু হয়েছে। এ ঘটনায় অটোরিকশায় থাকা আরও দুজন গুরুতর আহত হয়েছেন। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার বানৌজা পেকুয়া সড়কের সদর ইউনিয়নের আনার আলী মাতব্বরপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। |
| ১৯-২-২৬ | দেশ রুপান্তর | **স্কুলের সামনে বাসের ধাক্কায় শিক্ষার্থী নিহত, সড়ক অবরোধ**<br>দিনাজপুরের চিরিরবন্দরে বাসের ধাক্কায় ব্যাটারিচালিত ভ্যান আরোহী শিশু শিক্ষার্থী নিহত হয়েছে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সকাল পৌনে ১০টার দিকে দিনাজপুর-গোবিন্দগঞ্জ মহাসড়কের আমতলী বাজরে মোল্লা গোল্ডেন হোপ প্রি-ক্যাডেট স্কুলের সামনে এ দুর্ঘটনা চালকসহ আরও তিন শিশু আহত হয়। |
| ২০-০২-২৬ | সমকাল | **ট্রাকচাপায় বাবা-ছেলেসহ সড়কে ঝরল ১২ প্রাণ**<br>দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় ১২ জন নিহত হয়েছেন। তাদের মধ্যে রাজধানীর আজিমপুরে অটোরিকশা চালক, জামালপুরে বাবা-ছেলে, বগুড়ার শাজাহানপুরে গৃহবধূ, দিনাজপুরের বিরামপুরে দুই মোটরসাইকেল আরোহীর প্রাণ গেছে। এছাড়া বিভিন্ন স্থানে সড়কে প্রাণ গেছে আরও সাত জনের। |
| ২০-0২-২৬ | দেশ রুপান্তর | **মাছবোঝাই নসিমন চাপায় শিশু নিহত**<br>সিরাজগঞ্জের উল্লাপাড়া ও সলঙ্গায় মাছ বোঝাই নসিমনের চাপায় তাবাসসুম নামে এক শিশু নিহত হয়েছে। এঘটনায় অপর এক শিশু আহত হয়। শুক্রবার( ২০ ফেব্রূয়ারী) সকাল সাড়ে ৮টার দিকে তাড়াশ-সলঙ্গা সড়কে এদুর্ঘটনা ঘটে। |
| ২০-০২-২৬ | দেশ রুপান্তর | **ফটিকছড়িতে গরম পানিতে দগ্ধ হয়ে শিশুর মৃত্যু**<br>চট্টগ্রামের ফটিকছড়িতে গরম পানিতে দগ্ধ হয়ে ইহাম উদ্দীন (১ বছর ৪ মাস) নামের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। শুক্রবার (২০ ফেব্রুয়ারি) একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। |
| ২২-০২-২৬ | প্রথম আলো | **চকরিয়ায় সংসদ সদস্যের গাড়িবহরের ধাক্কায় শিশুর মৃত্যু**<br>কক্সবাজারে সংসদ সদস্যের গাড়িবহরের ধাক্কায় এক শিশুর মৃত্যু হয়েছে। আজ রোববার বিকেলে চকরিয়া উপজেলার বদরখালী ইউনিয়নের আহমদ কবিরের ঘাটা এলাকায় এ ঘটনা ঘটে। |

| | | |
|---|---|---|
| | | নিহত শিশুটির নাম খালেদ বিন ওয়ালিদ (৮)। সে বদরখালী ইউনিয়নের আহমদ কবিরের ঘাটা এলাকার প্রবাসী আমান উল্লাহর ছেলে। শিশুটি স্থানীয় একটি নুরানি মাদ্রাসায় দ্বিতীয় শ্রেণিতে পড়ত। |
| ২৪-০২-২৬ | প্রথম আলো | **মাদারগঞ্জে ট্রাক্টরের সঙ্গে সংঘর্ষে অটোরিকশাযাত্রী শিশু নিহত**<br>জামালপুরের মাদারগঞ্জে সিএনজিচালিত অটোরিকশা ও ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে এক শিশু নিহত হয়েছে। এতে শিশুটির মাসহ আহত হয়েছেন তিনজন। আজ মঙ্গলবার সকালে জামালপুর-মাদারগঞ্জ মহাসড়কের ফায়ার সার্ভিস মোড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে। |
| ২৪-০২-২৬ | প্রথম আলো | **অটোরিকশা থেকে ছিটকে সড়কে, ট্রাকের নিচে পিষ্ট হয়ে মৃত্যু শিক্ষার্থীর**<br>কক্সবাজারের চকরিয়ায় ব্যাটারিচালিত অটোরিকশা (ইজিবাইক) থেকে ছিটকে সড়কে পড়ে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। আজ মঙ্গলবার সকাল পৌনে আটটার দিকে চকরিয়ার চিরিংগা-বদরখালী সড়কের বাটাখালী এলাকায় এ ঘটনা ঘটে।<br>নিহত শিক্ষার্থীর নাম নওশাদ শরীফ নূর (১২)। সে চকরিয়া পৌরসভার বাটাখালীর খোন্দকার পাড়ার প্রবাসী মোহাম্মদ ইউছুফের ছেলে ও চকরিয়া গ্রামার স্কুলের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী। |
| ২৫-০২-২৬ | দেশ রূপান্তর | **কিশোরগঞ্জে নানাবাড়িতে বেড়াতে আসা ঘুমন্ত শিশু দগ্ধ**<br>কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলায় গভীর রাতে দুটি বসতঘর আগুনে পুড়ে গেছে। এ সময় নানার সঙ্গে ঘুমিয়ে থাকা তৌহিদুল ইসলাম (৮) নামে এক শিশু গুরুতর দগ্ধ হয়েছে। তার অবস্থা আশঙ্কাজনক। সে সম্প্রতি তার মায়ের সঙ্গে নানা বাড়িতে বেড়াতে আসে। |
| ২৬-০২-২৬ | প্রথম আলো | **মুন্সিগঞ্জে আলুখেতে কুড়িয়ে পাওয়া ককটেল বিস্ফোরণে শিশুর হাত ছিন্নভিন্ন**<br>মুন্সিগঞ্জ সদর উপজেলায় খেত থেকে কুড়িয়ে পাওয়া ককটেল বিস্ফোরণে একটি শিশু আহত হয়েছে। তার ডান হাতের আঙুল ছিন্নভিন্ন ও পায়ে জখম হয়েছে। বৃহস্পতিবার বেলা আড়াইটার দিকে উপজেলার চরাঞ্চলের মোল্লাকান্দি ইউনিয়নের মুন্সিকান্দি এলাকায় এ ঘটনা ঘটে। |
| ২৬-০২-২৬ | সমকাল | **কালিয়াকৈরে রাতে ড্রেনের ম্যানহোলে পড়ে পথচারী শিশুর মৃত্যু**<br>গাজীপুরের কালিয়াকৈর উপজেলার চন্দ্রা ত্রিমোড় এলাকায় বৃহস্পতিবার রাতে সড়কের পাশ দিয়ে পানি নিষ্কাশনের ড্রেনের ম্যানহোলে পড়ে পথচারী এক শিশুর মৃত্যু হয়েছে। কালিয়াকৈর ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে এক ঘন্টা চেষ্টা চালিয়ে শিশুকে মৃত উদ্ধার করেন। নিহত শিশুর পরিচয় জানা যায়নি। তার পড়নে ছিল খয়েরি রঙের প্যান্ট ও কালো রঙের জ্যাকেট। |
| **শিশুশ্রম** | | |
| ২৫-০২-২৬ | সমকাল | **স্কুল ছেড়ে কঠিন জীবন সংগ্রামে সায়মা-ইমনরা**<br>শরীয়তপুর জেলার জাজিরা ও নড়িয়া উপজেলার বিভিন্ন ইটভাটায় কাজ করছে প্রচুর শিশুশ্রমিক। পরিবারে অভাব-অনটনের কারণে এসব শিশু লেখাপড়া ও খেলাধুলা করার বয়সে শারীরিক কষ্টসাধ্য কাজ করতে বাধ্য হচ্ছে। অল্প বয়সেই কঠিন জীবন সংগ্রামে নামতে হয়েছে তাদের। |
| **ইন্টারনেট ও শিশু** | | |
| ০৫-০২-২৬ | আজকের পত্রিকা | **৩৮ হাজার শিশুকে শিক্ষায় ফিরিয়ে আনছে সরকার**<br>শিক্ষা থেকে ঝরে পড়া অথবা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত শিশুদের প্রাথমিক শিক্ষার আওতায় আনা এবং দক্ষতা সৃষ্টি করে উপার্জনক্ষম করার উদ্যোগ নিয়েছে সরকার। এ জন্য তিন বছর মেয়াদি 'বিদ্যালয়বহির্ভূত শিশুদের জন্য বিকল্প শিক্ষার সুযোগ' নামে একটি প্রকল্প হাতে নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। পরিকল্পনা কমিশন সূত্রে এ সব কথা জানা গেছে।<br>সূত্র বলছে, প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে ৩৮ হাজার ৪০০ শিশু-কিশোরকে প্রাথমিক শিক্ষা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দেওয়া হবে। এতে খরচ হবে ১৫৮ কোটি ৭৩ লাখ ৫৮ হাজার টাকা। এর মধ্যে সরকার অর্থায়ন করবে ১৪৭ কোটি ৩ লাখ ৫৮ হাজার টাকা। আর বাকি ১১ কোটি ৭০ লাখ টাকা সহায়তা হিসেবে দেবে জাতিসংঘ শিশু তহবিল (ইউনিসেফ)। |
| ০৯-০২-২৬ | প্রথম আলো | **অনলাইনে ভোটের প্রচারে শিশুরা: বাড়ছে বিদ্বেষ ও শিশু সুরক্ষার ঝুঁকি**<br>সামাজিক যোগাযোগমাধ্যমে নির্বাচনী প্রচারে শিশুদের ব্যবহার উদ্বেগজনক হারে বাড়ছে। কোথাও শিশুদের দিয়ে রাজনৈতিক স্লোগান দেওয়ানো হচ্ছে, আবার কোথাও তাদের দিয়ে প্রতিপক্ষকে আক্রমণাত্মক ভাষায় কথা বলানো হচ্ছে। এতে শিশুদের মানসিক বিকাশে |

| | | |
|---|---|---|
| | | নেতিবাচক প্রভাব পড়ার পাশাপাশি সামাজিকভাবে বিদ্বেষ ছড়ানোর ঝুঁকি তৈরি হচ্ছে বলে মনে করছেন বিশ্লেষকেরা। |
| ১১-০২-২৬ | দেশ রুপান্তর | **দেশে দেশে শিশুদের জন্য সোশ্যাল মিডিয়া নিষিদ্ধের উদ্যোগ**<br>স্ক্রিনের আলোয় বড় হচ্ছে আজকের প্রজন্ম। কিন্তু সেই আলোতেই লুকিয়ে আছে এক অন্ধকার জগৎ। শিশু-কিশোরদের মানসিক স্বাস্থ্য, পড়াশোনা ও সামাজিক আচরণে এর নেতিবাচক প্রভাব পড়ছে স্পষ্টভাবে। তাই এ উদ্বেগে নড়ে চড়ে বসেছে বিশ্বের বিভিন্ন দেশ। পরিবর্তন হচ্ছে নীতিমালা, নেওয়া হচ্ছে কঠোর সিদ্ধান্ত। |
| 11-02-26 | Dhaka Tribune | **Experts urge legal framework to address child online safety**<br>Experts said at a discussion on Tuesday that a rapidly expanding digital landscape was creating new risks of online sexual exploitation for children in Bangladesh. |
| ২৭-০২-২৬ | প্রথম আলো | **শিশু সুরক্ষা আইন মানতে বয়স যাচাই করার টুল আনছে অ্যাপল**<br>বিভিন্ন দেশে অপ্রাপ্তবয়স্কদের সামাজিক যোগাযোগমাধ্যম ও প্রাপ্তবয়স্কদের জন্য তৈরি অ্যাপে প্রবেশ ঠেকাতে নতুন বিধিনিষেধ আরোপ করা হয়েছে। বিষয়টি মাথায় রেখে আইফোন ও আইপ্যাড ব্যবহারকারীদের বয়স যাচাইয়ে নতুন উদ্যোগ নিয়েছে প্রযুক্তি প্রতিষ্ঠান অ্যাপল। নতুন এ উদ্যোগের আওতায় ব্যবহারকারীদের সংবেদনশীল ব্যক্তিগত তথ্য সংগ্রহ না করেই বয়স সম্পর্কে ধারণা দিতে সক্ষম একাধিক নতুন টুল তৈরির ঘোষণা দিয়েছে প্রতিষ্ঠানটি। |
| ২৭-০২-২৬ | TBS | **সন্তান আত্মহত্যা–সংক্রান্ত কনটেন্ট খুঁজলে অভিভাবকদের সতর্ক করবে ইনস্টাগ্রাম**<br>সন্তানেরা ইনস্টাগ্রামে আত্মহত্যা বা নিজের ক্ষতি করা সম্পর্কিত কিছু খুঁজছে কি না, তা এখন থেকে জানতে পারবেন অভিভাবকেরা। সন্তান যদি বারবার এ ধরনের ক্ষতিকর বিষয়বস্তু বা কনটেন্ট খোঁজে, তবে ইনস্টাগ্রাম স্বয়ংক্রিয়ভাবে অভিভাবকদের কাছে সতর্কবার্তা বা অ্যালার্ট পাঠাবে। |

**বিষয়ঃ শিক্ষা**

| তারিখ | সূত্র | সারসংক্ষেপ |
|---|---|---|
| 02-02-26 | Dhaka Tribune | **Experts urge education reforms to achieve SDG-4 in Bangladesh**<br>Experts and civil society leaders on Monday called for comprehensive education reforms in Bangladesh to achieve Sustainable Development Goal 4 (SDG-4), highlighting persistent challenges such as poverty, child labor, weak infrastructure, and educational disparities affecting marginalized communities. |
| ০৬-০২-২৬ | The Daily Star | **Policy consistency is crucial in primary education**<br>The decision to reintroduce examinations in classes one and two, barely two years after they were scrapped under the new curriculum, once again exposes the lack of coherence and long-term thinking in our education policymaking. At a time when the focus should be on improving learning outcomes and strengthening classroom practices, the Ministry of Primary and Mass Education has chosen to reverse its assessment policy, which will significantly impact young children. |
| 06-02-26 | Dhaka Tribune | **Dreams on hold: Street children strive for education on DU campus**<br>On the bustling afternoons of Dhaka University, amid the rush of students and lectures, a quieter story unfolds—one of children balancing work, survival, and the desire to learn.<br>Nine-year-old Yasin sells flower garlands, 14-year-old Rakib peddles cotton candy, and 13-year-old Rukaiya dreams of studying even as she works alongside her mother. Their lives raise a pressing question: Are their dreams just human-interest stories, or can they spark real change? |
| ১৮-০২-২৬ | দেশ রুপান্তর | **পাবনায় শিক্ষা অফিসের ভুলে বিপাকে শত শত শিক্ষার্থী**<br>পাঠদান শুরু হয়েছে দেড় মাস আগে। সারা দেশের শিক্ষার্থীরা নতুন বইয়ের গন্ধে মাতোয়ারা হলেও পাবনা সদর উপজেলার দুটি বিদ্যালয়ের কয়েকশত কোমলমতি শিক্ষার্থীর স্কুলব্যাগ এখনো শূন্য। উপজেলা শিক্ষা অফিসের চরম অবহেলা এবং সময়মতো |

| | | |
|---|---|---|
| | | চাহিদা না পাঠানোর কারণে ইংরেজি ভার্সনের এই শিক্ষার্থীদের শিক্ষা জীবন এখন অনিশ্চয়তার মুখে। বিনামূল্যে পাঠ্যবই পাওয়ার রাষ্ট্রীয় অধিকার থেকে শিশুদের বঞ্চিত করায় দায়িত্বজ্ঞানহীন কর্মকর্তাদের শাস্তির দাবি জানিয়েছেন অভিভাবকরা। |
| ২০-০২-২৬ | প্রথম আলো | **মাতৃভাষায় শিক্ষা কাগজে আছে, বাস্তবে নেই**<br>বান্দরবান সদর উপজেলার ক্যমলংপাড়ার অংমেচিং মারমার মেয়ে দনুচিং মারমা তৃতীয় শ্রেণিতে পড়ে। শিশু শ্রেণি থেকে তাঁকে মাতৃভাষায় পড়াতে চেয়েছিলেন মা। বিদ্যালয় থেকে মাতৃভাষায় শিক্ষার পাঠ্যবইও দেওয়া হয়েছে। কিন্তু পাঠদান করার শিক্ষক নেই। পাঠ্যবইগুলো বাড়িতেই পড়ে রয়েছে। |
| ২৮-০২-২৬ | বাংলা ট্রিবিউন | **বাজেট বৃদ্ধি মনিটরিং-সমন্বিত শিক্ষা আইন প্রণয়ন ও বাস্তবায়নের দাবি**<br>শিক্ষাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির পাশাপাশি বাজেট ব্যয় সংক্রান্ত মনিটরিং জোরদার করা এবং সমন্বিত শিক্ষা আইন প্রণয়ন ও বাস্তবায়নের দাবি জানিয়েছে গণসাক্ষরতা অভিযান।<br>শনিবার (২৮ ফেব্রুয়ারি) জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এ দাবি জানানো হয়। বর্তমান সরকারের ১২ দফা শিক্ষা সংস্কার ঘোষণার পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষা পরিবারের পক্ষ থেকে সংবাদ ব্রিফিংয়ের আয়োজন করে গণসাক্ষরতা অভিযান। |

**বিষয়ঃ স্বাস্থ্য**

| তারিখ | সূত্র | সারসংক্ষেপ |
|---|---|---|
| ০৯-০২-২৬ | দেশ রুপান্তর | **নারী ও শিশু সুরক্ষায় আধুনিক ফরেনসিক ডিএনএ ল্যাব অপরিহার্য : শারমীন এস মুরশিদ**<br>ঢাকা, ৯ ফেব্রুয়ারি, ২০২৬ (বাসস) : সমাজকল্যাণ এবং নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস মুরশিদ বলেছেন, প্রতিবছর নারী ও শিশু সংক্রান্ত মামলার জন্য ডিএনএ পরীক্ষার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয়ের ফরেনসিক ডিএনএ ল্যাবরেটরিকে আধুনিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাবে রূপান্তর করা এখন সময়ের দাবি। |
| 09-02-26 | The Business Standard | **At Banani rally, Tarique pledges healthcare transformation, with specific focus on women, children**<br>BNP Chairman Tarique Rahman today (9 February) urged the people to join hands in rebuilding the nation, stating that no one from outside will come to perform the task. |

**বিষয়ঃ ইতিবাচক**

| তারিখ | সূত্র | সারসংক্ষেপ |
|---|---|---|
| ১০-০২-২৬ | The New Age | **EBL, ActionAid partner to support 150 vulnerable girls**<br>Eastern Bank PLC partnered with ActionAid Bangladesh to support 150 marginalised girls under the ‘Support 150 Girl Children’ initiative.<br>Through this corporate social responsibility initiative, EBL will provide one year of support to girls aged 4 to 18 from underprivileged families in Khilgaon, Narayanganj, Cox’s Bazar, Lalmonirhat and Naogaon, said a press release. |
| ১৩-০২-২৬ | দ্য গার্ডিয়ান/দ্য বিজনেস স্ট্যান্ডার্ড | **অবশেষে জন্মসনদ পেল দেশের যৌনপল্লিতে জন্ম নেওয়া ‘পরিচয়হীন’ শিশুরা**<br>বাংলাদেশের দৌলতদিয়া যৌনপল্লিতে জন্ম নেওয়া শিশুরা দশকের পর দশক ধরে ছিল পরিচয়বিহীন। মা যৌনকর্মী এবং বাবার পরিচয় অজ্ঞাত হওয়ায় আইনি মারপ্যাঁচে তাদের জন্মনিবন্ধনের কোনো সুযোগ ছিল না। তবে দীর্ঘ অপেক্ষার পর প্রথমবারের মতো এই পল্লির ৪০০ শিশুর সবাই এখন জন্মনিবন্ধন সনদ পেয়েছে। |
| ১৭-০২-২৬ | আজকের পত্রিকা | **দেশে ফিরল পাচার হওয়া ২৮ শিশু**<br>ভালো কাজের প্রলোভনে ভারতে পাচারের শিকার ২৮ বাংলাদেশি শিশুকে ট্রাভেল পারমিটে বেনাপোলে হস্তান্তর করেছে ভারতীয় পুলিশ। |
| ২০-০২-২৬ | প্রথম আলো | **ছোট-বড় সবার হাতের ছোঁয়ায় একুশের আলপনা**<br>রংতুলি হাতে ছোটাছুটি করছে ছোট-বড় সবাই। কেউ রাস্তায় তুলির আঁচড় দিতে ব্যস্ত, আবার কেউ ব্যস্ত রঙের বিন্যাসের নির্দেশনায়। এভাবে একসময় লাল, নীল, হলুদ, সবুজ, কমলা রঙে সড়কজুড়ে ফুটে ওঠে আলপনা। |
| ২০-২-২৬ | ডেইলি স্টার বাংলা | **জন্মদিনে সুবিধাবঞ্চিত শিশুদের পাশে সজল**<br>দুই দশকেরও বেশি সময় ধরে শোবিজে জড়িত আছেন আব্দুন নূর সজল। অসংখ্য টেলিভিশন নাটকে অভিনয় করে পেয়েছেন ব্যাপক জনপ্রিয়তা। চলচ্চিত্র ও ওয়েব সিরিজে |

| | | |
|---|---|---|
| | | অভিনয় করেও মানুষের ভালোবাসা পেয়েছেন। তার অভিনীত বহু নাটক দর্শকদের ভালোবাসায় সিক্ত হয়েছে। |
| ২৭-০২-২৬ | প্রথম আলো | **পাপেট শোতে মুখর বইমেলার প্রথম শিশুপ্রহর**<br>'দাদা, দাদা, এই বইটা কিনে দাও। আজকে আমি সুপারম্যান শিখব। এইটা কিনে দাও। দাদা, এই ছবিটায় রং করব'—আজ শুক্রবার সকালে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে ছোটদের একটি বইয়ের স্টলে কয়েকটি বই হাতে নিয়ে এমনই বায়না ধরে ছয় বছরের অরিত্র। বায়নায় যেমন জেদ, তেমনি চোখেমুখে উচ্ছ্বাস। |
| ২৭-০২-২৬ | দেশ রূপান্তর | **বইমেলায় 'শিশুপ্রহর**<br>অমর একুশে বইমেলার দ্বিতীয় দিন আজ শুক্রবার (২৭ ফেব্রুয়ারি)। সাপ্তাহিক ছুটির দিনে সকাল থেকেই মেলা প্রাঙ্গণে থাকছে বিশেষ আয়োজন। বেলা ১১টায় দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হবে মেলার দুয়ার, আর বেলা ১টা পর্যন্ত চলবে শিশুদের জন্য নির্ধারিত 'শিশুপ্রহর'। |
| ২৭-০২-২৬ | বাংলা ট্রিবিউন | **সোনামণিদের কলকাকলিতে মুখর বইমেলার প্রথম শিশুপ্রহর**<br>অমর একুশের বইমেলার প্রথম শিশুপ্রহর ছিল আজ শুক্রবার (২৭ ফেব্রুয়ারি)। এ দিন সকাল থেকেই শিশুদের উচ্ছ্বাস আর কলকাকলিতে মুখর হয়ে ওঠে শিশুপ্রহর প্রঙ্গণ। নতুন বইয়ের ঘ্রাণ, ছবি আকার প্রতিযোগিতা, প্রিয় চরিত্রের গল্প আর নানা আয়োজন ঘিরে ছোটদের আনন্দে মুখর হয়ে ওঠে বইমেলা। |
| ২৮-০২-২৬ | প্রথম আলো | **বইমেলার দ্বিতীয় শিশুপ্রহরে উচ্ছ্বাস**<br>বইমেলায় এসেছে ছোট্ট সুপ্রভা। বয়স মাত্র তিন বছর। পরনে টুকটুকে লাল জামা। সঙ্গে আছেন মা প্রতিভা বসু। মেয়ের হাতে স্টল থেকে নেওয়া জল রঙের প্যালেট। মায়ের কাছে বায়না ধরেছে কিনে দিতেই হবে! |
| ২৮-০২-২৬ | প্রথম আলো | **অমর একুশে বইমেলায় শিশুপ্রহর**<br>অনিশ্চয়তা কাটিয়ে মহান ভাষা আন্দোলনের স্মৃতিবিজড়িত ফেব্রুয়ারি মাসের শেষ প্রান্তে এসে শুরু হয়েছে অমর একুশে বইমেলা। পবিত্র রমজান মাসের কারণে এ বছর মেলার সময়সূচিতে এসেছে পরিবর্তন। |
| ২৮-০২-২৬ | সমকাল | **শিশুপ্রহরে পাপেট আর রঙের উচ্ছ্বাস**<br>অমর একুশে বইমেলা উদ্বোধনের পরদিনই গতকাল ছিল শুক্রবার প্রথম শিশুপ্রহর। রমজানসহ নানা কারণে মেলা এখনও তেমন জমে না উঠলেও শিশুপ্রহরে বই, পাপেট আর রংতুলি নিয়ে শিশুরা ঠিকই মেতে উঠেছিল উচ্ছ্বাসে। গতকাল সাপ্তাহিক ছুটি হওয়ায় বেলা ১১টাতেই দর্শনার্থীদের জন্য উন্মুক্ত হয় বইমেলার দুয়ার। আবার ১১টা থেকেই শুরু হয় মেলার প্রথম শিশুপ্রহর। শিশুদের জন্য এই বিশেষ আয়োজন চলে দুপুর ১টা পর্যন্ত। |
| ২৮-০২-২৬ | The Daily Star | **Little ones bring joy to book fair**<br>There had been growing concerns surrounding the fair due to last-minute complications.<br>The issues were resolved only four days before the opening, leaving little time for preparation. The lack of readiness was still evident across the fairgrounds. |
| ২৮-০২-২৬ | The New Age | **Children's hour draws crowd, many stalls not fully ready**<br>A large number of visitors thronged the Amar Ekushey Book Fair during Shishu Prahar (children's hour) in the morning on Friday, a weekly holiday, but construction works at many stalls were going on at the fairground in the capital Dhaka on the second day of the fair.<br>Prime minister Tarique Rahman on Thursday inaugurated the Amar Ekushey Book Fair 2026 on the Bangla Academy premises and in a large area of Suhrawardy Udyan. |

**বিষয়ঃ মতামত**

| তারিখ | সূত্র | সারসংক্ষেপ |
|---|---|---|
| ১১-০২-২৬ | The Daily Star | **An education law – does it matter?**<br>At the fag end of the interim government's term, the decision-makers decided to go for an education law by drafting an ordinance. The draft was posted on the education ministry's website on February 1, giving citizens barely a week to submit comments. This breathtaking sense of urgency of the authorities, on a matter that has been under discussion |

| | | |
|---|---|---|
| | | for 15 years, has raised some eyebrows. After all, since the first draft of the law was sent to the cabinet for approval, it was returned at least four times with questions about the provisions. Officials now say that public opinions and official feedback would be analysed and integrated into the final draft, which would require time. |
| 11-02-26 | Dhaka Tribune | **An election test: Will Bangladesh choose its children?**<br>As Bangladesh prepares to welcome a new government following the national elections, the country stands at a crossroads. This election is not only about political change, it is about whether Bangladesh will invest decisively in its future. And that future is embodied in its children. |
| ২০-০২-২৬ | প্রথম আলো | **সোশ্যাল মিডিয়া শিশু-কিশোরদের যে ক্ষতির দায় এড়াতে পারে না**<br>যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, ফ্রান্স ও ডেনমার্কের পর শিশুদের সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে বিধিনিষেধের ঘোষণা দিয়েছে স্পেন। |
| ২০-০২-২৬ | সমকাল | **গৃহকর্মীরা যে কারণে সুরক্ষিত নয়**<br>বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে শিশুশ্রম একটি দীর্ঘস্থায়ী ও জটিল ব্যাধি। বিশেষত রাজধানী ঢাকা এবং অন্যান্য বিভাগীয় শহরে গৃহকর্মী হিসেবে শিশুদের নিয়োগ; তাদের ওপর নির্যাতন নিয়মিত ঘটনায় পরিণত হয়েছে। গবেষণায় প্রাপ্ত তথ্য অনুযায়ী, নির্যাতনের ধরনগুলো থার্মাল বার্ন বা পোড়ানো, ভোঁতা অস্ত্রের আঘাত, পড়ে যাওয়া বা ছাদ থেকে ফেলে দেওয়া, খাবার বন্ধ রাখা, মানসিক নির্যাতনের মতো ভয়াবহ ফৌজদারি অপরাধ। বাহ্যিক চাকচিক্য এবং নগরজীবনের আধুনিকতার আড়ালে হাজার হাজার শিশু অমানবিক পরিস্থিতির শিকার হচ্ছে, যা কার্যত আধুনিক দাসপ্রথারই নামান্তর। |
| ২৪-০২-২৬ | প্রথম আলো | **কক্সবাজারে রোহিঙ্গা নারী ও শিশু পাচার: নীরব এক ভয়াবহ মানবিক বিপর্যয়**<br>বাংলাদেশের কক্সবাজার ও সংলগ্ন সীমান্তবর্তী অঞ্চলগুলো আজ শুধু শরণার্থী সংকটের এলাকা নয়—এগুলো ক্রমেই পরিণত হচ্ছে নারী ও শিশু পাচারের একটি বিপজ্জনক হটস্পটে। আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাগুলোর হিসাব অনুযায়ী, এখানে বসবাসরত প্রায় দেড় লক্ষ রোহিঙ্গা শরণার্থী দীর্ঘদিন ধরে চরম অনিশ্চয়তা, দারিদ্র্য ও নিরাপত্তাহীনতার মধ্যে দিন কাটাচ্ছে। এই বাস্তবতা মানব পাচারকারী চক্রগুলোর জন্য এক ভয়াবহ সুযোগ তৈরি করেছে। |
| ২৫-০২-২৬ | প্রথম আলো | **প্রাথমিক শিক্ষার দিকে বিশেষ নজর দিন**<br>একটি দেশের ভবিষ্যতের ভিত্তি রচিত হয় প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে। কিন্তু ময়মনসিংহের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর যে চিত্র *প্রথম আলোর* প্রতিবেদনে উঠে এসেছে, তা খুবই হতাশাজনক। জরাজীর্ণ ভবন, মাথার ওপর খসে পড়া পলেস্তারা, সুপেয় পানির অভাব আর শৌচাগারহীন পরিবেশ—এই যদি হয় একটি অঞ্চলের প্রাথমিক শিক্ষার চালচিত্র, তা নিয়ে আমাদের শঙ্কিত হতেই হয়। বলতে হয়, অগ্রগামী বাংলাদেশ বা শিক্ষিত জাতি গড়ার স্বপ্নও এখানে থমকে থাকে। |
| ২৬-০২-২৬ | প্রথম আলো | **প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে নতুন করে পরীক্ষা কেন**<br>অন্তর্বর্তী সরকারের শেষ সময়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে নতুন করে পরীক্ষা চালু করার সিদ্ধান্ত নেয়। তাদের এই সিদ্ধান্তের পেছনে নিশ্চয়ই কোনো যুক্তি কাজ করেছে। সাধারণভাবে মনে করা হয়, পরীক্ষা নিলে আর কিছু না হোক, শিক্ষার্থীরা অন্তত পড়াশোনা করে; পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের অবস্থাও বোঝা যায়। |

**বিষয়ঃ বিবিধ**

| তারিখ | সূত্র | সারসংক্ষেপ |
|---|---|---|
| ০৫-০২-২৬ | বণিক বার্তা | **নরসিংদীতে দুই পক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে শিশু নিহত**<br>নরসিংদীর রায়পুরায় আধিপত্য বিস্তার ও গোষ্ঠীগত দ্বন্দ্বের জেরে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় গুলিবিদ্ধ হয়ে মুস্তাকিম মিয়া (১৪) নামে এক শিশু নিহত হয়েছে। গুলিবিদ্ধসহ আহত হয়েছেন আরো অন্তত ১০ জন। গতকাল সকাল ৬টায় উপজেলার শ্রীনগর ইউনিয়নের সায়দাবাদ এলাকায় এ ঘটনা ঘটে। নিহত মুস্তাকিম ওই এলাকার সৌদি প্রবাসী মাসুদ রানার ছেলে। |
| ০৬-০২-২৬ | The Daily Star | **Gunshots injure 5, including children and Rohingyas, during BNP campaign in Teknaf** |

| | | |
|---|---|---|
| | | At least 5 people, including 3 children and 2 Rohingya refugees, were injured in a gun attack during a BNP election campaign in Teknaf, Cox's Bazar yesterday. |
| ০৯-০২-২৬ | আজকের পত্রিকা | **কলেজশিক্ষক ও শিশুকন্যার ওপর হামলা-ছিনতাই, অভিযুক্তকে ধরে পুলিশে দিলেন বিএনপি নেতারা** সাতক্ষীরার তালা উপজেলায় এক কলেজশিক্ষক ও তাঁর শিশুকন্যা হামলা ও ছিনতাইয়ের শিকার হয়েছেন। এই ঘটনায় অভিযুক্ত এক যুবককে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করেছেন স্থানীয় বিএনপির নেতারা। সোমবার (৯ ফেব্রুয়ারি) সকালে উপজেলার খলিষখালী ইউনিয়নের কৃষ্ণনগর-গাছা ব্রিজ এলাকায় এই ঘটনা ঘটে। আহত কলেজ শিক্ষক হিরন্ময় মন্ডল (৪৫) ও তাঁর ছয় বছরের মেয়ে নাতাশা মন্ডলকে প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য সাতক্ষীরায় পাঠানো হয়েছে। |
| ১২-০২-২৬ | দ্য বিজনেস স্ট্যান্ডার্ড | **বাবার হাত ধরে ভোট দেখতে কেন্দ্রে শিশুরাও** দীর্ঘ দেড় দশকেরও বেশি সময় পর শান্তিপূর্ণ পরিবেশে ভোট উৎসবে অংশ নিচ্ছেন ভোটাররা। অনেকেই সঙ্গে করে তাদের-শিশু সন্তানদেরও ভোটকেন্দ্রে নিয়ে আসছেন ভোটের পরিবেশ দেখানোর জন্য। |
| ১৪-০২-২৬ | আজকের পত্রিকা | **হবিগঞ্জের ফুটবল খেলা নিয়ে সংঘর্ষে আহত ৩০** হবিগঞ্জের লাখাই উপজেলায় ফুটবল খেলা নিয়ে পূর্ববিরোধের জেরে দুই পক্ষের সংঘর্ষে অন্তত ৩০ জন আহত হয়েছেন। আজ শনিবার সকালে উপজেলার বামৈ ইউনিয়নের মারুগাছ গ্রামে এই ঘটনা ঘটে। |
| ১৫-০২-২৬ | সমকাল | **ভোটকেন্দ্রে শিশুর জন্ম, নাম রাখা হলো 'খালেদা জিয়া'** রোববার বিকেলে সিরাজগঞ্জ জেলা প্রশাসক ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জেলা রিটার্নিং কর্মকর্তা আমিনুল ইসলাম প্রসূতি মা আম্বিয়া খাতুন ও নবজাতক শিশুকে ফুলেল শুভেচ্ছা জানান। এ সময় উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খালেক পাটোয়ারী, সহকারী কমিশনার (ভূমি) মো. মাসুদ রানা এবং জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা। |
| ১৯-০২-২৬ | সমকাল | **মাদ্রাসার শিক্ষার্থীদের ইফতার-সেহরির ব্যবস্থা করলেন জাইমা রহমান** পবিত্র রমজান উপলক্ষে ঢাকা-১৭ আসনের কড়াইল বস্তি ও ভাসানটেক এলাকার ১৪টি এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসায় মাসজুড়ে ইফতার, রাতের খাবার ও সেহরি সরবরাহের উদ্যোগ নিয়েছেন ব্যারিস্টার জাইমা রহমান। এই আসনে তার বাবা বিএনপি চেয়ারম্যান তারেক রহমান নির্বাচন করেন এবং জয়লাভ করেন। |
| ২০-০২-২৬ | প্রথম আলো | **পাল্টে মৃত নবজাতক দেওয়ার অভিযোগ, এখন হবে ডিএনএ পরীক্ষা** রাজধানীর ডেলটা হেলথকেয়ার যাত্রাবাড়ী লিমিটেডে গত বছরের ২৭ ডিসেম্বর দিবাগত রাত ১২টা ৪২ মিনিটে ভর্তির পর নবজাতকটির পরিচিতি ছিল 'সন অব রিমা' বা রিমার ছেলে হিসেবে। দুই দিন পর ২৯ ডিসেম্বর রাত সাড়ে ১১টার দিকে শিশুটি মারা যায়। হাসপাতাল থেকে দেওয়া মৃত্যুসনদেও একই পরিচিতি ছিল। |
| ২২-০২-২৬ | দেশ রূপান্তর | **হাসপাতালের আঙিনায় ফেলে যাওয়া হলো নবজাতক** হাসপাতাল সূত্রে জানা গেছে, অজ্ঞাত পরিচয় এক পুরুষ ও দুই নারী নবজাতকটিকে হাসপাতালের পাশে রেখে দ্রুত সেখান থেকে চলে যান। পরে স্থানীয় এক ব্যক্তির নজরে বিষয়টি এলে তিনি শিশুটিকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে শিশুটি পটিয়া মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন। |
| ২৭-০২-২৬ | আজকের পত্রিকা | **আঙ্কেল, আপনি কি রোজা রাখেন—প্রধানমন্ত্রীকে শিশুর প্রশ্ন** আজ শুক্রবার রাজধানীর বনানীতে নৌবাহিনীর সদর দপ্তরের কেন্দ্রীয় মসজিদে জুমার নামাজ আদায় করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। নামাজ শেষে শিশু-কিশোরদের সঙ্গে কিছু সময় কাটান তিনি। এ সময় এক শিশু প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে বলে, 'আঙ্কেল, আপনি কি রোজা রাখেন?' শিশুটির সঙ্গে হাতে মিলিয়ে জবাবে প্রধানমন্ত্রী বলেন, 'আমি তো রোজা রাখি।' |
| ২৭-০২-২৬ | বাংলা ট্রিবিউন | **কিশোরীকে ধর্ষণ ও হত্যা: দ্রুত বিচার দাবি মানুষের জন্য ফাউন্ডেশনের** নরসিংদীতে ধর্ষণের বিচার চাওয়ায় ১৫ বছর বয়সী এক কিশোরীকে বাবার কাছ থেকে তুলে নিয়ে হত্যার ঘটনায় মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) গভীর ক্ষোভ, উদ্বেগ ও তীব্র প্রতিবাদ জানিয়েছে। এমজেএফ ভুক্তভোগীর জন্য ন্যায়বিচার এবং অপরাধীদের জবাবদিহির আওতায় এনে শাস্তি নিশ্চিত করার আহ্বান জানায়। |

| | | |
|---|---|---|
| ২৮-০২-২৮ | আজকের পত্রিকা | **নারী-শিশু নির্যাতনের ঘটনা প্রমাণ করে সরকার নিরাপত্তা দিতে ব্যর্থ হচ্ছে: জামায়াতের মহিলা বিভাগ**<br>রামপুরা ও নরসিংদীসহ দেশের বিভিন্ন স্থানে নির্বাচন-পরবর্তী নারী ও শিশু নির্যাতন এবং হত্যার ঘটনার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মহিলা বিভাগ। তাদের অভিযোগ, সাম্প্রতিক সময়ে একের পর এক নারী ও শিশু নির্যাতন এবং হত্যার মতো ঘটনা প্রমাণ করে সরকার নাগরিকদের নিরাপত্তা দিতে ব্যর্থ হচ্ছে। |
| ২৮-০২-২৬ | সমকাল | **সরকারি শিশু দিবাযত্ন কেন্দ্রে সেবার সংকট**<br>খাবার কম দেওয়া, অস্বাস্থ্যকর পরিবেশ, নিরাপত্তা, শিক্ষা, খেলার সামগ্রী ও জায়গার অভাব– এই বাক্যগুলো যেন সরকারি শিশু দিবাযত্ন কেন্দ্রের সঙ্গে জড়িয়ে গেছে। বেশির ভাগ সরকারি শিশু দিবাযত্ন কেন্দ্রে সরেজমিন গেলে কিংবা ভুক্তভোগীদের অভিযোগ থেকে এমন চিত্রই পাওয়া যায়। কখনও কখনও সরকারি প্রতিবেদনেও এমন তথ্য ওঠে আসে। |
| ২৮-০২-২৬ | দেশ রূপান্তর | **নারী ও সুবিধাবঞ্চিত শিশুদের উন্নয়নে কাজ করবে সরকার**<br>রাজধানীতে সুবিধাবঞ্চিত নারী, শিশু এবং শ্রমজীবী মানুষের সম্মানে এক ব্যতিক্রমী ও হৃদয়ছোঁয়া ইফতার মাহফিলের আয়োজন করে জিয়াউর রহমান ফাউন্ডেশন (জেডআরএফ)। গতকাল রাজধানীর গুলশানে জেডআরএফের কার্যালয়ে এই আয়োজনে উপস্থিত হয়ে আর্তমানবতার সেবায় নিজেদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন ফাউন্ডেশনের শীর্ষ নেতারা। |